

স্মারক নম্বর-৩১.৩০.০০০০.০৪৫.৬৮.০১৫(অংশ).১৫-২৫৬


তারিখ: ০৩ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ
১৮ জুলাই ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আপিল ট্রাইব্যুনাল বা অতিরিক্ত আপিল ট্রাইব্যুনালের সিদ্ধান্ত বা আদেশ বা রায় বাস্তবায়ন।

সূত্র: ভূমি মন্ত্রণালয়ের পরিপত্র নম্বর-৩১.০০.০০০০.০৪৫.৬৮.০১৫(অংশ).১৫-৪২৭, তারিখ: ২৮/১০/২০১৫।

সাম্প্রতিককালে লক্ষ্য করা যাচ্ছে যে, অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (২০০১ সনের ১৬ নম্বর আইন) এবং সূত্রোক্ত পরিপত্র জারির পরও অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আপিল ট্রাইব্যুনাল বা অতিরিক্ত আপিল ট্রাইব্যুনাল কর্তৃক আদেশ বা রায় হওয়ার পর কোন কোন জেলা প্রশাসক এতদ্বিষয় পরবর্তী করণীয় সম্পর্কে মতামত, পরামর্শ বা নির্দেশনা গ্রহণের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করেন।

০২। বর্ণিত অবস্থায়, সরকারের কোন বড় রকমের অপরিহার্যতা না থাকলে এ জাতীয় বিষয় মতামত, পরামর্শ বা নির্দেশনা গ্রহণের নিমিত্ত মন্ত্রণালয়ে পত্র পাঠিয়ে সময় ক্ষেপন না করে অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (২০০১ সনের ১৬ নম্বর আইন) এর ধারা ২, ৫, ১১, ১২ ও ২২ অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।


(মো: মোস্তাফিজুর রহমান পিএএ)
সচিব
ভূমি মন্ত্রণালয়

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮, শহীদ তাজউদ্দিন আহমদ স্মরণী তেজগাঁও, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ০৪। অতিরিক্ত সচিব (সকল) ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। বিভাগীয় কমিশনার (সকল)।
- ০৬। যুগ্মসচিব (সকল) ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত, ঢাকা।
- ০৮। জেলা প্রশাসক (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।
- ০৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়। ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ১২। অফিস কপি/মাষ্টার কপি।